

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫০৮
আগরতলা, ০৭ মার্চ, ২০১৯

৯মার্চ প্রথম জাতীয় লোক আদালত

আগামী ৯ মার্চ ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে প্রথম জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে। এই বিশেষ লোক আদালতে মোট ৬ হাজার ৮৬৩টি ট্রাফিক মোটর যান দুর্ঘটনা ক্ষতিপূরণের মামলা, আপোষযোগ্য বিরোধ, এন আই অ্যাক্ট, বি এস এন এল বিল সংক্রান্ত মামলা, ব্যাঙ্কের অনাদায়ী ঋণ, বৈবাহিক বিরোধ, দেওয়ানি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এ জন্য মোট ৫৫ টি আদালত বসবে। এর মধ্যে ত্রিপুরা হাইকোর্টে একটি কোর্ট বসবে। ইতিমধ্যে মামলার পক্ষপক্ষকে নোটিস দিয়ে জানানো হয়েছে। আদালতগুলিতে মামলার পক্ষপক্ষকে সহযোগিতা করতে আধা আইনি স্বেচ্ছাসেবকরা (পি এল বি) থাকবেন। ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে মঙ্গলবার এক বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়েছে।
